

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬৪-আইন/২০২২/১৭৭-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৪-আইন/২০১৯/৩১-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “কম্প্রসর, রেফ্রিজারেটর ও ফ্রিজারকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং কম্প্রসর, রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ)” শব্দগুলি, কমাগুলি ও বন্ধনীর পরিবর্তে “রেফ্রিজারেটর ও ফ্রিজার এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং কম্প্রসর, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর এবং রেফ্রিজারেটর, ফ্রিজার ও কম্প্রসর উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ)” শব্দগুলি, কমাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) অনুচ্ছেদ ৫ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৫ প্রতিস্থাপিত হইবে, যথা:

“৫। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে, এবং

(অ) রেফ্রিজারেটর ও ফ্রিজারের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে; এবং

(আ) কম্প্রসরের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )  
সিনিয়র সচিব